

শিক্ষা প্রতিষ্ঠান খুললেও উপস্থিতি একেবারেই কম

নিজস্ব প্রতিবেদক

০৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



ছাত্র-জনতার আন্দোলন ঘিরে দীর্ঘদিন বন্ধ থাকার পর গতকাল মঙ্গলবার খুলেছে দেশের সব স্কুল-কলেজ। এদিন সকালে রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়। তবে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি দেখা গেছে খুবই কম। গত সোমবার আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার নির্দেশনার কথা জানায়।

গতকাল সকালে রাজধানীর মোহাম্মদপুর এলাকার কিশলয় বালিকা বিদ্যালয় ও কলেজে গিয়ে দেখা গেছে, ছাত্রীদের উপস্থিতি কম। অধ্যক্ষ মো. রহমত উল্লাহ বলেন, দুয়েক দিনের মধ্যে উপস্থিতি বেড়ে যাবে। রাজধানীর উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, শিক্ষাপ্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলছে। অধ্যক্ষ জোহরা বেগম জানান, একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম চলছে। কাল (বুধবার) থেকে পুরোপুরি শিক্ষা কার্যক্রম চলবে।

ঢাকার হাজারীবাগের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মোট শিক্ষার্থী পৌনে তিনশ'র বেশি। কিন্তু মঙ্গলবার বিদ্যালয়ে এসেছিল মাত্র চার শিক্ষার্থী।

বিদ্যমান পরিস্থিতিতে গতকালই স্কুল, কলেজ, মাদ্রাসা, বিদ্যালয়সহ সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। তবে ভয়-আতঙ্কে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল কম-বেশি হাজারীবাগের ওই বিদ্যালয়টির মতো। স্কুল খুললেও কোথাও উপস্থিতি নেই, কোথাও নামেমাত্র। হাজারীবাগের ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, শিক্ষকরা ঠিকই উপস্থিত হয়েছিলেন। কিন্তু শিক্ষার্থী এসেছিল মাত্র চারজন। তাদেরই পড়িয়েছেন।

এর আগে গত সোমবার প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়েন শেখ হাসিনা। এদিন রাতে আইএসপিআরের বিজ্ঞপ্তিতে বলা হয়, মঙ্গলবার থেকে দেশের সব সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত, আধা স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান, কলকারখানা, স্কুল-কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘিরে গত ১৭ জুলাই থেকে মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে সরকার। ১৮ জুলাই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় দেশের আট বিভাগীয় শহরের সিটি করপোরেশনের এলাকাভুক্ত সব সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করে।